গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন,
পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ণ প্রকল্প
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

"দরপত্র বিজ্ঞপ্তি"

দরপত্র বিজ্ঞপ্তি নং- ১১

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুন: বাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় রাবার বিভাগ সিলেট জোনের নিয়ন্ত্রনাধীন ০৪ (চার) টি রাবার বাগানে (মোট ৫০,০০০ টি) অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয়ের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

বাগানের নাম	লট সংখ্যা	লট নম্বর	গাছের সংখ্যা (টি)	মোট	বাগানের নাম	লট সংখ্যা	লট নম্বর	গাছের সংখ্যা (টি)	মোট
ভাটেরা রাবার বাগান	০৪	লট-০১	১,০০০	৪,০০০	সাতগাঁও রাবার বাগান	০৪	লট-০১	২,৬০০	৮,০০০
		লট-০২	১,০০০				লট-০২	২,০০০	
		লট-০৩	১,০০০				লট-০৩	২,০০০	
		লট-০৪	১,০০০				লট-০৪	১,৪০০	
রূপাইছড়া রাবার বাগান	১০	লট-০১	২,৫০০	২২,৫০০	শাহজীবাজার রাবার বাগান	০৮	লট-০১	২,০০০	১৫,৫০০
		লট-০২	২,৫০০				লট-০২	২,০০০	
		লট-০৩	২,২০০				লট-০৩	২,০০০	
		লট-০৪	২,২০০				লট-০৪	২,০০০	
		লট-০৫	২,২০০				লট-০৫	২,০০০	
		লট-০৬	২,০০০				লট-০৬	২,০০০	
		লট-০৭	২,৫০০				লট-০৭	২,০০০	
		লট-০৮	২,০০০				লট-০৮	১,৫০০	
		লট-০৯	২,৫০০						
		লট-১০	১,৯০০						

বাগান ভিত্তিক লট আকারে গাছসমূহ মার্কিং করা রয়েছে। সমজাতীয় কাজে ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান/ ঠিকাদারগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ৪ টি বাগানের ক্ষেত্রে ৪ টি পৃথক দরপত্র বিদ্যমান, তবে দরদাতাগণ দরপত্রের এক বা একাধিক লটের জন্য দর দাখিল করতে পারবেন। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক জামানত প্রদান করতে হবে। দরপত্র আগামী ১৪/১০/২০২৫ খ্রি তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত কার্যালয়ে গ্রহণ করা হবে এবং প্রাপ্ত দরপত্র ঐদিন অর্থাৎ ১৪/১০/২০২৫ খ্রি তারিখ দুপুর ২:০০ ঘটিকার সময় অত্র কার্যালয়ে দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যদের উপস্থিতিতে খোলা হবে। দরপত্রদাতা নিজে বা তার মনোনীত প্রতিনিধি দরপত্র খোলার সময় ইচ্ছা করলে উপস্থিত থাকতে পারবেন। আগামী ১৩/১০/২০২৫ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত কার্যালয়ের হিসাব শাখা হতে দন্ডায়মান অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো গাছ বিক্রয়ের জন্য প্রতিটি দরপত্র সিডিউল ক্রয় বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) মূল্যে সংগ্রহ করা যাবে।

দরপত্র সম্পর্কিত বিস্তারিত তথ্য এবং জ্ঞাতব্য বিষয়াবলী প্রতিটি কার্যদিবসে নিম্নবর্ণিত কার্যালয় থেকে জানতে ও দেখতে পারা যাবে। দরপত্রদাতাগণকে দরপত্র দাখিলের পূর্বে গাছের অবস্থা, অবস্থান, পরিবহণ রাস্তা প্রভৃতি সরজমিনে পরিদর্শন পূর্বক সিডিউলে সংযুক্ত সাইট পরিদর্শন ফরম পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট বাগান কর্তৃপক্ষ কর্তৃক সাইট পরিদর্শন ফরম সত্যায়িত করে আবশ্যিকভাবে দরপত্রের সাথে দাখিল করতে হবে। বিক্রয়কৃত/কর্তনকৃত গাছের গোড়া স্থানীয় কর্তৃপক্ষ গণনা পূর্বক বুঝে নেবেন, বিধায় সরজমিনে সাইট পরিদর্শন ফরম ব্যতীত দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

দরপত্র বিক্রয়ের স্থানঃ

১. বিএফআইডিসি, সদর দপ্তর, 'বনশিল্প ভবন', ৭৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২. মহাব্যবস্থাপকের কার্যালয়, বিএফআইডিসি, রাবার বিভাগ, সিলেট জোন।

দরপত্র দাখিলের স্থানঃ

১. প্রকল্প পরিচালকের কার্যালয়, "অর্থনৈতিক জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুন:বাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" শীর্ষক প্রকল্প, বিএফআইডিসি, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২. ব্যবস্থাপকের কার্যালয়, বিএফআ ইডিসি, ইষ্টার্ণ উড ওয়ার্কস, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

১৬.০৯.২০২৬
(জাহান আরা)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুন:বাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" শীর্ষক প্রকল্প
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ঢাকা